R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-৩৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

ভি ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
স্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ
ব্রাঞ্চ : স্টুডিও চিত্রশ্রী-২
রঘুনাথগঞ্জ ॥ ফুলতলা
এজেন্ট : স্ন্যাপ কালার ল্যাবঃ

৭৭শ বর্ষ
৪৭শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২৬শে চৈত্র বুধবার, ১৩৯৭ সাল
১০ই এপ্রিল, ১৯৯১ সাল।

নগদ মূল্য : ৫০ পয়সা
বার্ষিক ২৫৲

## সি পি এমকে পরাজিত করার অপরাধে পুরবাসীদের অসুবিধায় ফেলা হচ্ছে

ধুলিয়ান : স্থানীয় পুরসভার পুরপতি অভিযোগ করেছেন ধুলিয়ানে সি পি এম বিরোধী বোর্ড গঠনে সাহায্য করার অপরাধে পুরবাসীদের ভাতে মারার ব্যবস্থা করেছেন পঃ বঙ্গের ফ্রন্ট সরকার। পুরবাসীদের পক্ষে বর্তমান বোর্ডের পুরপিতা তরুণ সেন সেই অবিচারের প্রতিকার চেয়ে পঃ বঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কাছে আবেদন করেছেন। তিনি আবেদনে জানিয়েছেন ধুলিয়ান পুরসভা ১৯০৯ সালে গঠিত হওয়ার পর বার বার গঙ্গার ভয়াবহ ভাঙ্গনে এই শহর বিধ্বস্ত হয়। ফলে গড়ে ওঠে বিভিন্ন নতুন নতুন জনবসতি। প্রয়োজন হয়ে পড়ে জল সরবরাহ, জল নিষ্কাশন, রাস্তাঘাট নির্মাণ, আলোর ব্যবস্থা প্রভৃতি অত্যাবশ্যকীয় কাজ। কংগ্রেসী আমলে ধীর গতিতে হলেও জল সরবরাহ, রাস্তাঘাট নির্মাণ কিছু কিছু হয়েছে এবং ধুলিয়ানকে পঃ বঃ সরকার বরাবরই বিশেষ সাহায্য করেছেন অগ্রাধিকারের ভিত্তিতে। বর্তমানে শহরের জনসংখ্যা ৩৩১৮৪ জন। অপরদিকে ফরাক্কা এন টি পি সির তাপ বিদ্যুৎ প্রকল্পের কর্মচারীদের চাপে শহর ও তার আশপাশে জন বিস্ফোরণ বৃদ্ধি পেয়েছে। বিড়ি শিল্পপ্রধান এই শহরে লোকজনের যাতায়াতের প্রয়োজনে বাসস্ট্যাণ্ড, পৌরবাজার, বস্তি উন্নয়ন, আবাসন তৈরী ইত্যাদির বিশেষ প্রয়োজন রয়েছে। পুরসভার বাৎসরিক নিজস্ব আয় ট্যাক্স আদায় বাবদ মোটামুটি ৫ লক্ষ টাকা। কিন্তু শহরের উন্নয়নের জন্য বার্ষিক প্রায় ১৪ লক্ষ টাকা প্রয়োজন। ডেভেলাপমেণ্ট বা উন্নয়নের কাজে বর্তমান পুরবোর্ডকে অর্থ দেওয়া তো দূরের কথা, কর্মচারীদের (শেষ পৃঃ দ্রঃ)

## জঙ্গিপুর লোকসভায় কংগ্রেস প্রার্থী বদল করলো

রাজনৈতিক প্রতিবেদক : নির্বাচনের দিন এখনও ঘোষিত হয়নি। তবে নির্বাচন কমিশনারের ঘোষণা অনুযায়ী লোকসভার সাথে পশ্চিমবঙ্গে বিধান সভারও নির্বাচন হবে বলে জানা যায়। সব রাজনৈতিক দলেই প্রার্থী বাছাই এর তোড়জোড় শুরু হয়েছে। এবার জঙ্গিপুর লোকসভা কেন্দ্রে কংগ্রেস প্রার্থী বদল করলেন। গতবারের পরাজিত প্রার্থী মোঃ সোহরাবের পরিবর্তে মুর্শিদাবাদের বিধায়ক মান্নান হোসেন এবার প্রার্থী হচ্ছেন বলে কংগ্রেস সূত্রে খবর। সি পি এমের জয়ী প্রার্থী জয়নাল আবেদিন এবারও লোকসভার প্রার্থী হিসাবে প্রতিদ্বন্দ্বিতা করছেন। বিধানসভা কেন্দ্র ফরাক্কা, অরঙ্গাবাদ, সুতি, জঙ্গিপুর ও সাগরদীঘিতে ফ্রন্ট থেকে প্রার্থী পরিবর্তন করা হয়নি। কংগ্রেস থেকেও যে কোন পরিবর্তন হবে এমন আভাস মেলেনি। ভারতীয় জনতা পার্টি লোকসভায় গত নির্বাচনের প্রার্থী ডঃ ধনঞ্জয় দাসকে এবারও মনোনয়ন দিয়েছেন। বিধান-সভার সবকটি কেন্দ্রেই তাঁরা প্রার্থী দিচ্ছেন বলে বি জে পি সূত্রে জানা যায়। মহকুমার কোন স্থানেই এখনও নির্বাচনী আবহাওয়া গরম হয়ে উঠেনি। তবে গ্রামে গ্রামে ফ্রণ্টের প্রচার চলছে বি জে পিকে ঠেকানোর উদ্দেশ্যে। কংগ্রেসকে বামফ্রণ্ট সব কেন্দ্রেই পরাজিত করতে পারবে বলে আশা রাখে। কিন্তু বি জে পিকে তারা যেমন করেই হোক অঙ্কুরেই নাশ করতে বদ্ধ-পরিকর। গত লোকসভা নির্বাচনে বি জে পি মহকুমায় প্রায় ৮৩ হাজার ভোট পেয়ে নিজেদেরকে এক প্রতিষ্ঠিত দল হিসাবে চিহ্নিত করে। সেই প্রতিপত্তি ফ্রণ্ট এবার ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## গ্রাম্য গোলমালে বি জে পি কর্মী নিহত

অরঙ্গাবাদ : সুতি থানার নয়াবাহাদুরপুর গ্রামে নিমাই ঘোষের বাড়ীতে মুরগী ঢোকাকে কেন্দ্র করে গত ৬ এপ্রিল দুপুর ১টা নাগাদ ঘোষেদের সঙ্গে মুসলিম সম্প্রদায়ের এক সংঘর্ষ বাধে। নিমাই এর প্রতিবেশী বি জে পি কর্মী গোলক ঘোষ ঐ ঘটনায় খুন হন। খবরে প্রকাশ ঐ দিন দুপুরে সে সময় গোলক নিজের বাড়ীতে ঘুমোচ্ছিলেন। বোমার আওয়াজ শুনে ঘুম থেকে উঠে ঘটনাস্থলে গেলে জনৈক কুদদুস সেখের কাতির আঘাতে ঘটনাস্থলে তিনি মারা যান। খবর পেয়ে পুলিশ গ্রামে যাবার আগেই ঘরবাড়ী ছেড়ে মুসলমান পাড়ার বেশীর ভাগ মানুষ পালিয়ে যায়। ৬ এবং ৭ এপ্রিল পুলিশ তল্লাশী চালিয়ে ৪ জনকে (শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য)

## আটজন বাস ডাকাত ধরা পড়ল

ফরাক্কা : গত ৭ এপ্রিল রাত্রি প্রায় ১০টা নাগাদ স্থানীয় টাউনশীপের কাছে খেজুরিয়া-কলকাতা-গামী সি এস টি সির বাসে যাত্রী সেজে থাকা ৮ জন বাস ডাকাত ধরা পড়ে। সম্প্রতি বেশ কয়েকটি বাস ডাকাতির পর পুলিশ সজাগ হয়ে প্রতিটি বাসের উপর কড়া নজর রাখে। ঐ ডাকাতদের কাছ থেকে তিনটি পাইপগান, চারটি ছোরা পুলিশ উদ্ধার করে। উল্লেখ্য ভূটান সরকারের একটি কলকাতাগামী বাসকে রঘুনাথ-গঞ্জ থানার সিদ্ধিকালী গ্রামের কাঁচা রাস্তায় নামিয়ে নিয়ে গত ৫ সেপটেম্বর রাতে যাত্রীদের সবকিছু লুটপাঠের সঙ্গেও এরা জড়িত বলে পুলিশ সন্দেহ করে। এই ডাকাতদের মধ্যে ২ জন নওদা, ২ জন হরিহরপাড়া, ৩ জন মালদা বৈষ্ণবনগরের এবং ১ জন ফরাক্কার বলে পুলিশ সূত্রে জানা যায়।

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২৬শে চৈত্র বুধবার ১৩৯৭ সাল

## বর্ষ বিদায়

আর চারি দিবসের মধ্যেই ১৩৯৭ তাহার পরিক্রমা শেষ করিয়া বিদায় লইবে। কবির ভাষায় বলিতে ইচ্ছা করে 'বর্ষ হয়ে আসে শেষ/দিন হয়ে এল সমাপন/চৈত্র অবসান। গাহিতে চাহিছে হিয়া/পুরাতন ক্লান্ত বরষের/সর্বশেষ গান।' ১৩৯৭ এর দিবসগুলিতে সত্য সত্যই যে ঘটনাগুলি ঘটিয়া গেল তাহাতে পুরাতন বরষের ক্লান্ত শেষ পদক্ষেপ বড়ই ধীর, বড়ই শ্রান্ত বোধ হইতেছে। পুরাতন বৎসর ধরিত্রীর বক্ষে পরিবর্তনের যে দোলা দিয়া গেল তাহাতে ধরার বক্ষে কম্পন ধরাইয়া তাহার সন্তানদের ধ্বংসের শেষ সীমায় লইয়া গিয়া প্রায় হৃৎস্পন্দন স্তব্ধ করিয়া দিয়াছিল। অবশ্য শেষ পর্যন্ত সেই তাণ্ডব শান্ত হইয়াছে। আরবের আকাশ বাতাস প্রকম্পিত করিয়া মুহুর্মুহু বোমারু বিমানের গর্জন, স্কাড ক্ষেপণাস্ত্রের প্রক্ষেপণ দেখিয়া মনে হইতেছিল সভ্যতার সংকট আর বুঝি কাটিবে না। মানব সভ্যতার আলোক ঘনান্ধকারে নিভিয়া যাইবে। শেষ পর্যন্ত শুভ বুদ্ধির জয় হইয়াছে, যুদ্ধ থামিয়াছে, শান্তির বাতাবরণ সৃষ্ট হইয়াছে;. ইহাই পুরাতন বৎসরের শুভ প্রশান্তিকর দান বলিয়া মনে করিতে হইবে। পুরাতনের হৃদয়ে বস্তুবাদের, মার্ক্সবাদের প্রায়াবলুপ্তি বিগতপ্রায় বৎসরের আর একটি চাঞ্চল্যকর ঘটনা। বস্তুবাদের অমোঘ শক্তি সম্বন্ধে বস্তুবাদীদের ধারণা প্রচণ্ডভাবে আঘাত খাইয়াছে, পূর্ব ইউরোপ ও রাশিয়ার ঘটনাবলীতে। মহাকাল বুঝাইয়া দিয়াছেন কোন কিছুই জগতে অবিনশ্বর নহে। নশ্বরতাই জাগতিক ধর্ম। পরিবর্তনশীলতাই মহাকালের লীলা। ভারতের রাজনীতিতে অবিসংবাদী কংগ্রেসের ভরাডুবিও আর এক আশ্চর্য্য ঘটনা পুরাতন বৎসরের সালতামামীতে। বাম ও গণতান্ত্রিক মোর্চার দিগ্বিজয়কে মনে হইয়াছিল চিরস্থায়ী। কিন্তু বৎসরের শেষ সময়ে জনতা (স) এর আবির্ভাব ও চন্দ্রশেখরের কংগ্রেসের সমর্থনে প্রধানমন্ত্রীত্ব লাভ হইতে প্রমাণিত হইল কোন কিছুই চিরস্থায়ী নহে। সকলই পরিবর্তনশীল। বৎসর শেষ একেবারে শেষ মুহূর্তে পুনরায় কংগ্রেস সমর্থন প্রত্যাহৃত চন্দ্রশেখর সরকারের পদত্যাগ ও নবীন বরণ উৎসবের ঘোষণা হইতে পুনরায় 'সকলি নশ্বর' একথা প্রমাণিত হইল। প্রমাণিত হইল 'নলিনীদল গতজলমতিতরলং' সকল কিছুই। তবুও পুরাতন পুরাতনই। পুরাতনের গর্ভেই নূতনের আগমনবার্তা শ্রুত হয়, হইতেছেও। নির্বাচন হইবে পুরাতন বৎসরের অন্তে নূতন বৎসরের প্রারম্ভে। আশা করা যায় নূতন আমাদিগকে উপহার দিবে নূতন রাষ্ট্র পরিচালকদের। যাঁহাদের পরিচালনায় আমরা পুনরায় পুরাতনের আঘাতের ক্ষত মুক্ত হইয়া নবীন সূর্যের ন্যায় প্রতিভাত হইব। কবির ভাষায় আত্মস্থ হইয়া বলিব—'আমরা দাঁড়াব উঠি/আমরা ছুটিয়া বাহিরিব/অর্পিব পরাণ। পরিপূর্ণ দৃষ্টি মেলিয়া দেখিব—পুরাতন পর্ণপুট দীর্ণ করি বিকীর্ণ করিয়া/অপূর্ব আকারে/তেমনি সবলে তুমি পরিপূর্ণ হয়েছ প্রকাশ—/প্রণমি তোমারে।'

## ভিন্ন দৃষ্টির মণি ডাক্তার

বাবলু ব্রহ্ম

বিচারের মাপকাঠিতে নিঃসন্দেহে পূর্ণ মাপের মানুষ ছিলেন তিনি। শুধু তাঁর নিজের পেশাগত জগতের সফলতা নয়, সামাজিক ও মানবিক জগতের সাথেও মিলেমিশে থাকার চেষ্টা করেছেন এবং সফল হয়েছেন। শুধু ডাক্তারের কর্তব্য হিসেবে নয়, একজন নাগরিক হিসেবে সমাজের প্রতি দায়বদ্ধতার সঠিক অনুভূতি তাঁর পেশাগত জীবনের পরিধির বাইরে কর্মজীবনকে অনেক দূর প্রসারিত করেছিল। বিভিন্ন জনহিতকর প্রতিষ্ঠানের বিভিন্ন পদ অলংকৃত করা ছাড়াও সামাজিক ও মানসিক উৎকর্ষতা বৃদ্ধির স্থান—নাট্যমঞ্চ এবং খেলার মাঠের সাথেও ছিল তাঁর গভীর যোগাযোগ। আজকে সাংস্কৃতিক আন্দোলন—নাট্য আন্দোলন, নাট্য উৎসবের কথা শহরে শোনা যাচ্ছে। এখানে নাটক নিয়ে ভাবনা-চিন্তা, বিভিন্ন পরীক্ষার কথা চিন্তা করছেন নাট্যপ্রেমীরা। এ কথা সত্য, সুস্থ সাংস্কৃতিক চেতনা সমাজের যত গভীরে প্রবেশ করবে তত বেশী সুনাগরিকের জন্ম হবে। আর সমাজে সুস্থ সাংস্কৃতিক চেতনা জাগানোর অন্যতম প্রধান মাধ্যম নাটক। শহরের বর্তমান প্রজন্মের নাটক প্রেমীদের এ কথা জানার কথা নয়—একদা শহরে নাট্য আন্দোলনের পুরোভাগে ছিলেন মণি ডাক্তার ও তাঁর অগ্রজ ৺পশুপতি চট্টোপাধ্যায়। অভিনয়, শৈলী, পরিচালনা ও প্রযোজনা দক্ষতা সব ক্ষেত্রেই তিনি মুন্সিয়ানার পরিচয় রেখে ছিলেন সে যুগে। রঘুনাথগঞ্জের মত পিছিয়ে পড়া শহরে তখন আজকের মতন নাটকের সুস্থ পরিবেশ ছিল না। ছিল না প্রয়োগের এত উৎকর্ষতা, স্টেজ ও আলোর উন্নত প্রয়োগ। বিনিময়ে ছিল নানা ধরনের সামাজিক ও মানসিক প্রতিবন্ধকতা। এই সব প্রতিকূলতা কাটিয়ে শহরে সুস্থ সাংস্কৃতিক চিন্তা ধারায় একটি পরিবেশ সৃষ্টির জন্য তাঁর শিল্পী মন কাজ করে গেছে।

ঠিক এমনিভাবে সমাজের শারীরিক ও সামাজিক উৎকর্ষতা বৃদ্ধির অপর স্থান—খেলার মাঠের সাথেও মণিবাবুর যোগাযোগ ছিল ওতপ্রোত। অসুস্থ অবস্থায় বিছানায় শুয়েও দুঃখ করেছেন আজকের ছেলেদের মাঠের প্রতি অনীহা দেখে। বার বার জানতে চেয়েছেন—কেন ছেলেরা মাঠে যায় না। কেন ম্যাকেঞ্জী পার্ক ফাঁকা থাকে? কেন আগের মতন ফুটবল টুর্ণামেন্ট বা শীতকালে এ্যাথেলেটিক্স প্রতিযোগিতা হয় না? রোগ শয্যায় সে দিনের খেলাধুলার প্রতি আন্তরিক অনুরাগ ভাষায় প্রকাশের বাইরে। রঘুনাথগঞ্জের খেলা ও খেলোয়াড়দের প্রতি তাঁর একটি বিশেষ টান ছিল। এই প্রসঙ্গে ব্যক্তিগত একটি ঘটনার কথা মনে পড়ে। সে বছর এ্যাথেলেটিক্সে পশ্চিমবঙ্গের প্রতিনিধিত্ব করে কটক থেকে বাড়ী ফেরার পর প্রথম অভিনন্দন জানিয়ে মণিকাকা বলেছিলেন 'তোমার কৃতিত্বের জন্য পৌরসভার পৌরপতি তোমাকে অভিনন্দন জানাচ্ছে, কারণ তুমি এখানকার খেলার মাঠের নাম রেখেছো।'

খেলার জন্য চাঁদা চেয়ে কোন ক্লাব বিফল হয়েছে এ ঘটনা ঘটেনি কোনদিন। রঘুনাথগঞ্জের ক্লাবগুলো কোন না কোন সময়ে তাঁর কাছে প্রয়োজনে আর্থিক সাহায্য পেয়েছেই। সেবা-শিবিরের সাঁতার প্রতিযোগিতা, বন্ধু সমিতির এ্যাথেলেটিক্স, অগ্নিকৌজের বর্ষ পূর্তি উৎসব, ৺প্রফুল্ল ব্যানার্জীর ফুটবল টুর্ণামেন্ট রোডরেস এ্যাসোসিয়েশনের রাস্তা দৌড় প্রতিযোগিতা—কিসে তাঁর আর্থিক অবদান ছিল না? ক্রীড়াক্ষেত্রের আর্থিক অবদানে কখনই তিনি দাতা-গ্রহিতার সম্পর্ক স্থাপন করতেন না। সম্পর্ক থাকতো নিছক ক্রীড়াপ্রেমীর।

সূর্য্য, চন্দ্র, গ্রহ, নক্ষত্রের মত মৃত্যু ভাস্বর, মৃত্যু শাশ্বত, মৃত্যু সত্য, মৃত্যু বাস্তব এবং চির বিচ্ছেদ—তাই বোধহয় ভাল লাগার, ভালবাসার মানুষের বিচ্ছেদে আমরা চোখের জল ফেলি।

## গণতান্ত্রিক যুব ফেডারেশনের সম্মেলন

রঘুনাথগঞ্জ: ভারতীয় গণতান্ত্রিক যুব ফেডারেশনের আঞ্চলিক ৯টি ইউনিটের সম্মেলন গত ২৯ মার্চ থেকে ৪ এপ্রিল বিভিন্ন স্থানে অনুষ্ঠিত হয়। ২৯ মার্চ জরুরে অনুষ্ঠিত সম্মেলনে ফুলচাঁদ মণ্ডল ও প্রণব পালকে সভাপতি ও সম্পাদক করে ২২ জনের নতুন কমিটি গঠিত হয়। ৩০ মার্চ মির্জাপুরে মদন সরকার ও জনার্দন দাসকে সভাপতি ও সম্পাদক করে ১৭ জনের কমিটি নির্বাচিত হয়। ৩১ মার্চ জামুয়ারে ৩৪ জনের এক বডিতে প্রাণগোপাল মুখার্জী ও অপূর্ব সরকারকে সভাপতি ও সম্পাদক করা হয়।

## তাপ বিদ্যুতের পঞ্চম ইউনিটের কাজে অগ্রগতি

নবারুণ পয়েন্ট : গত ২ এপ্রিল ফরাক্কা এন টি পি সির পঞ্চম ইউনিটের বয়লার ড্রামটিকে ২৫ মিটার উঁচুতে তুলে স্থাপন করার কাজটি সফলতার সঙ্গে শেষ করা হয়। কাজটি করছেন ওয়েষ্টার্ণ ইণ্ডিয়া এনটারপ্রাইজ লিঃ। তাঁদের সাহায্য করছেন এক বিদেশী (ইটালিয়ান) সংস্থা। ড্রামটির ওজন ৩১০ টন বলে জানা যায়। এন টি পি সি সূত্রে জানা যায় আগামী ডিসেম্বর ৯১ এর মধ্যে চতুর্থ ও পঞ্চম ইউনিটের দ্বিতীয় পর্য্যায়ের কাজ শুরু করা যাবে।

---

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN-742236 : DIST. MURSHIDABAD (W.B.)

### Materials Department

Tender no. : FS : 42 : MD : C-19/TC-02/91 Dated : 27-3-91

Sealed tenders are invited from experienced materials handling, clearing & transport contractor for working in NTPC/FSTPP Pvt. Rly. Sdg. inside plant site at Farakka for a period of one year. The tenderers should have sufficient past experience and full knowledge of working both in commercial & operational rules of Pvt. Rly. Sdg. of Industrial/organisation of similar nature. Scope of work includes 1) Collection of RRs., taking delivery and handling of steel, cement and Misc. items like G. I. Pipes, CI Pipes and fittings, cable drums, RCC Pipes, lubricant send chemicals as well as power plant equipments and spares including, transportation at stores/yard & ii) loading, unloading & stacking of incoming/outgoing consignments at NTPC Stores/yard, carried by road by different transport contractors.

**The Terms & Conditions :**

1. Tender documents can be had on request by post or in person on payment of Rs. 100/- by Bank Draft only on State Bank of India, Farakka. Money order shall not be acceptable.
2. Request/Application for tender documents shall be supported with credentials/documents indicating that the applicant is a bonafied/experienced material handling contractor & executed similar jobs without which tender documents will not be issued.
3. Interested parties are advised to visit the site to familiarise with the site condition, before tendering.
4. The above description of work is only indicative and full details are given in the tender documents.
5. Bidders shall have to deposit an earnest Money for Rs. 25,000/- without which the tender will be rejected outright.
6. The bidders shall have to submit the latest Income Tax Clearence Certificates alongwith the Bid failing which the offers may be ignored.
7. NTPC reserves the right to accept/reject any application for Tendar documents without assigning any reason.
8. Tender documents will be available during office hours except Sunday and holidays.
9. Offers will be opened in the office of Chief Materials Manager/FSTPP at 10-00 a.m. on 03-05-91 (Friday) in presence of intending authorised tenderers who may like to attend.
10. Last date of sale of tender documents is 30-4-91.
11. NTPC/FSTPP reserve the right to accept/reject any or all tenders without assigning any reasons whatsoever.

**Chief Materials Manager**
NTPC/FSTPP

## সরকারী আইন অগ্রাহ্য করে গাছ কাটা চলছে

জঙ্গিপুর : গ্রামবাসী সূত্রে জানা যায় এক ব্যবসায়ী চক্র সরকারী আইনকে বুড়ো আঙ্গুল দেখিয়ে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের পিয়ারাপুরে বড় বড় গাছ কেটে সাফ করে ফেলছেন। কিছুদিন আগে ওসমানপুরের নিতাই রায়কে বৃক্ষচ্ছেদনের অপরাধে গ্রেপ্তার করা হয়েছিল। কিন্তু পিয়ারাপুরে এই বেআইনী বৃক্ষচ্ছেদন দেখেও কেন প্রশাসন চুপচাপ তা বোঝা যায় না।

## মির্জাপুর তাঁত শ্রমিক রেশম বয়ন শিল্পী সমবায় সমিতি লিঃ

মির্জাপুর, পোঃ গনকর (মুর্শিদাবাদ)

### চারিটি পদ পূরণের জন্য লোক নিয়োগের দরখাস্ত আহ্বান করা হইতেছে

**ম্যানেজার :** শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক পাশ বা তাহার সমতুল। বেতন হার (তিন শত) টাকা ৩০০.০০। তাঁত শিল্পে পাঁচ বৎসরের অভিজ্ঞতা।

**এ্যাকাউণ্টেণ্ট :** শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক পাশ বা তাহার সমতুল। বেতন হার ২৫০.০০ (দুইশত পঞ্চাশ) টাকা। হিসাব সম্বন্ধে তাঁত শিল্পে তিন বৎসরের অভিজ্ঞতা।

**সুপারভাইজার কাম সেলসম্যান :** শিক্ষাগত যোগ্যতা মাধ্যমিক পাশ বা তাহার সমতুল। রেশম কাপড় সম্বন্ধে অভিজ্ঞতা। বেতন হার ২৫০.০০ (দুই শত পঞ্চাশ) টাকা। তাঁত শিল্পে তিন বৎসরের অভিজ্ঞতা।

**নাইট গার্ড কাম পিয়ন :** শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাশ বা তার সমতুল। বেতন হার ২০০.০০ ( দুই শত ) টাকা।

প্রার্থীরা কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করিতে পারিবেন। দরখাস্তের সহিত নাম, পিতার নাম, ঠিকানা এবং সার্টিফিকেটের প্রত্যায়িত কপি অবশ্যই দিতে হইবে। পদগুলির ক্ষেত্রে বয়স সীমা ৩৫ বৎসর। সমিতির সম্পাদকের নিকট ডাকযোগে অথবা হাতে দরখাস্ত জমা দেওয়া যাইবে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১৭-৪-৯১।

সম্পাদক

মির্জাপুর তাঁত শ্রমিক রেশম বয়ন শিল্পী সমবায় সমিতি লিঃ

## কর্ম্মখালির বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সুতি-১নং ব্লক এলাকাভুক্ত জনসাধারণকে জানান যাইতেছে যে, সুতি ১নং ব্লক-এর অন্তর্ভুক্ত বহুতালী গ্রাম পঞ্চায়েতের কর্ম সহায়কের একটি শূন্যপদ পূরণ করা হইবে। পদটি তপশীলি উপজাতিদের জন্য সংরক্ষিত। বেতনক্রম ১০৪০-১৯২০ এবং পঃ বঃ সরকার প্রদেয় ভাতা সমূহ। আবেদন করিবার শেষ তারিখ ৩০-৪-৯১ বৈকাল ৫-৩০ মিঃ পর্যন্ত। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা—মাধ্যমিক অথবা সমতুল।

বিশদ বিবরণ ও দরখাস্ত করিবার নিয়ম ইত্যাদির জন্য সুতি ১নং ব্লক অফিস ও ঐ এলাকাধীন গ্রাম পঞ্চায়েতের অফিসগুলিতে অফিস চলাকালীন যোগাযোগ করুন।

দ্বিজেন ভট্টাচার্য
সমষ্টি উন্নয়ন আধিকারিক, সুতি ১নং ব্লক
আহিরণ, মুর্শিদাবাদ

## অসুবিধায় ফেলা হচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

মহার্ঘভাতা বাবদ প্রাপ্য অর্থও বর্তমানে সরকার থেকে বন্ধ করে দেওয়া হয়েছে। ১৯৯০ সালে পুরমন্ত্রীর দপ্তর থেকে এই শহরকে আই ডি এস এম টি প্রকল্পের অন্তর্ভুক্ত করার আদেশ দেওয়া হয়। কিন্তু সি পি এম বিরোধী বোর্ড পুরসভা দখল করার পর ১৯৯১ এ ঐ পুরমন্ত্রীর দপ্তরই প্রকল্পের আওতা থেকে ধুলিয়ান পুরসভাকে বাদ দেওয়ার নির্দ্দেশ দেন। এমন কি ১৯৮৪ সাল থেকে বস্তি উন্নয়ন খাতে যে অর্থ বরাদ্দ ছিল ; যার ফলে ৫০৩০ বস্তিবাসী উপকৃত হন, সেই গ্র্যাণ্টও বর্তমানে বন্ধ করে দেওয়া হয়েছে বলে তরুণবাবু অভিযোগ করেন। যদিও ধুলিয়ানের প্রায় ১৫০০০ বস্তিবাসী চরম দুর্দশার মধ্যে বর্তমানে বাস করছেন। সারভিস পায়খানাগুলিকে স্যানিটারী পায়খানায় রূপান্তরিত করার সরকারী পরিকল্পনার অর্থ সাহায্য থেকেও ধুলিয়ান পুরসভাকে বঞ্চিত করা হয়েছে বলে পুরপিতা জানান। সি পি আই এমের স্থানীয় নেতারা শহরবাসীদের বলে বেড়াচ্ছেন অ-সি পি এম পুরবোর্ডকে অর্থ সাহায্য থেকে বঞ্চিত করে তাদের পদত্যাগ করাতে আমরা বাধ্য করবো। একথার সত্যতা প্রমাণ করতে পুরপতি বল্লেন পঃ বঃ সরকার মে '৯০, সেপ্টেম্বর '৯০ এবং মার্চ '৯১ এ বিভিন্ন পুরসভাকে উন্নয়ন খাতে অর্থ বরাদ্দ করলেও ধুলিয়ানের ভাগ্যে কিছুই জোটেনি। ধুলিয়ান থেকে বিড়ি শিল্পে আবগারী শুল্ক আদায় হয় বাৎসরিক প্রায় ৩ কোটি টাকা। বিড়ি শ্রমিক কল্যাণে শ্রমিকদের কাছ থেকে কেটে নিয়ে ঐ ফাণ্ডে জমা পড়ে বছরে প্রায় ২২ লক্ষ টাকা। সেই টাকার সামান্যতম অংশ ধুলিয়ান পুরসভাকে যদি দেওয়া হয়, তবে শহরের প্রচুর উন্নতি করা সম্ভব। পুরপিতা তাঁর আবেদনে আরও জানান—মুখ্যমন্ত্রী এ ব্যাপারে সুষ্ঠু ব্যবস্থা না নিলে রাজ্য সরকারের বিরুদ্ধে তাঁরা আন্দোলনে নামতে বাধ্য হবেন।

## প্রার্থী বদল করলো

( ১ম পৃষ্ঠার পর )

গুঁড়িয়ে দিতে চায়। সে কারণেই ফ্রণ্টের সব শরীক দল কংগ্রেসের চেয়েও বি জে পিকে দুষ্টক্ষত বলে মনে করছে। আশা করা যায় দু' একদিনের মধ্যেই চূড়ান্তভাবে প্রার্থীর নাম সমস্ত দলই ঘোষণা করবে এবং তখন লড়াই এর চিত্রটিও পরিষ্কার ফুটে উঠবে।

## বি জে পি কর্মী নিহত

( ১ম পৃষ্ঠার পর )

গ্রেপ্তার করে নিয়ে আসে। কুদ্দুস ধরা পড়েনি। গ্রামে পুলিশ ক্যাম্প বসানো হয়েছে। গোলকের বাড়ী থেকে নুরপুর বি এস এফ ক্যাম্প মাত্র ১০০ গজ। কিন্তু বোমার শব্দ পেয়েও বি এস এফ বাহিনী কোন সক্রিয় ভূমিকা নেয়নি। বি জে পির অভিযোগ তার ফলেই এই সংঘর্ষ ভয়াবহ রূপ নেয়।

আর্থিক পুনর্বাসনে আপনাদের সেবায় :

শর্মিষ্ঠা ফাইনান্স লিঃ

গভঃ রেজিঃ নং ২১-৪৯৭২৫

রেজিঃ এবং হেড অফিস
দরবেশপাড়া : রঘুনাথগঞ্জ : মুর্শিদাবাদ

আপনাদের সহযোগিতা প্রার্থী—
এ. মুখার্জী
ম্যানেজিং ডাইরেক্টর

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুতোষ পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।